(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা
www.nbr.gov.bd

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০৩-২০১৭(অংশ-১)/৪২

তারিখঃ ১৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এর স্মারক নং ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১২৪.১৬-১০১, তারিখ-১৮/০৪/২০১৭ খ্রিঃ এর ২ নং অনুচ্ছেদে সুপারিশকৃত ২২০ (দুইশত বিশ) জন প্রার্থীর মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃত ০৭ (সাত) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০৩(তিন) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসীকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিসী মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসী মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ (ক) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তাহলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসীকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট/প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে এ বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঠ) মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃত ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক সাময়িক প্রত্যয়নকৃত প্রার্থীর ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, তিনি মুক্তিযোদ্ধা কোটায় চাকুরি লাভ করেছেন এবং তাঁকে ০৬ (ছয়) নং কলামে বর্ণিত শর্ত পূরণ করতে হবে। চূড়ান্ত যাচাই বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তাঁকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা যাবে এবং তিনি রাষ্ট্রীয় কোষাগার হতে গৃহীত সমুদয় আর্থিক সুবিধাদি প্রত্যার্পণ করতে বাধ্য থাকবেন।

(ঙ) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৪/০২/২০১৮ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত সংশ্লিষ্ট কর্মস্থলে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা মহোদয়কে সম্বোধনপূর্বক তিনি তাঁর যোগদানপত্র পদায়নকৃত কর্মস্থলে দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হতে পারে।

০৩। পদের নাম ঃ সহকারী রাজস্ব কর্মকর্তা।

নিয়োগপ্রাপ্ত ঃ ০৭ (সাত) জন।

ক্রঃ/নং	মেধা ক্রম	রেজিঃ নং	নাম ও জন্ম তারিখ	নিজ জেলা	প্রযোজ্য শর্ত	পদায়নকৃত কর্মস্থল
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১.	৯	০০৪৬১৯	জনাব শায়লা সাঈদ তন্বী ০৯/০৩/১৯৯১	ব্রাহ্মণবাড়িয়া	---	কাস্টম হাউস, ঢাকা
২.	১২৮	০০১৩১৩	জনাব পল্লব কুমার সেন ২৫/১১/১৯৮৯	ঝিনাইদহ	মুক্তিযোদ্ধার সনদ সাময়িক প্রত্যয়নকৃত। চূড়ান্ত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম
৩.	১৩৭	৭০০০৯৫	জনাব মোছাঃ জেসমুর নাহার ২০/০৪/১৯৮৮	কুড়িগ্রাম	মুক্তিযোদ্ধার সনদ সাময়িক প্রত্যয়নকৃত। চূড়ান্ত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম
৪.	১৪৬	০০৭১০৪	জনাব মোঃ দারাশিকো ২১/০৬/১৯৮৫	ময়মনসিংহ	মুক্তিযোদ্ধার সনদ সাময়িক প্রত্যয়নকৃত। চূড়ান্ত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টম হাউস, চট্টগ্রাম
৫.	১৪৯	৭০০৮৪৮	জনাব মোঃ হুমায়ুন কবির ০৭/১২/১৯৮৭	রংপুর	মুক্তিযোদ্ধার সনদ সাময়িক প্রত্যয়নকৃত। চূড়ান্ত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
৬.	১৬০	০০৫৯৮৬	জনাব নার্গিস ইসলাম রনি ০৮/০৫/১৯৮৬	রাজবাড়ী	মুক্তিযোদ্ধার সনদ সাময়িক প্রত্যয়নকৃত। চূড়ান্ত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।
৭.	২১১	০০০৩৫৯	জনাব মোঃ রিজভী শাহরিয়ার, ০৪/০১/১৯৮৯	পাবনা	মুক্তিযোদ্ধার সনদ সাময়িক প্রত্যয়নকৃত। চূড়ান্ত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না।	কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
২৮/০১/২০১৮ খ্রিঃ
(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০৩-২০১৭(অংশ-১)/৪২(   )

তারিখঃ ১৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সদস্য (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা। | বর্ণিত প্রার্থীদের যোগদানকালে জাতীয় রাজস্ব বোর্ড হতে প্রেরিত প্রার্থীদের ছবির স্ক্যান কপির সাথে মিলিয়ে তাদের যোগদান পত্র গ্রহণ ও প্রার্থীদের যোগদান সংক্রান্ত সকল কাগজপত্রের মূল কপি যোগদানের ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য সংশ্লিষ্ট কমিশনারগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
৬. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১০. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম ।
১১. ব্যক্তিগত সহকারী, সদস্য (শুল্ক ও ভ্যাট অনুবিভাগ এর সকল সদস্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১২. ব্যক্তিগত সহকারী, প্রথম সচিব (শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. জনাব..
১৪. ব্যক্তিগত নথি।

(খান মোঃ রেজা-উন-নবী)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৩)
ফোনঃ ৯৩৫৬৪৬০
e-mail: nbr.cev3@gmail.com

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় ঃ জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে যোগদান প্রসঙ্গে।

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং-৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১২৪.১৬-১০১, তারিখঃ ১৮/০৪/২০১৭ খ্রিঃ এর সুপারিশের প্রেক্ষিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা এর ২৮/০১/২০১৮ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০১৩.১০.০০৩-২০১৭(অংশ-১)/৪২ নং স্মারক মোতাবেক জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভাট অনুবিভাগে 'সহকারী রাজস্ব কর্মকর্তা' পদে নিয়োগপ্রাপ্ত হয়ে আজ......................খ্রিঃ তারিখ রোজ............বার পুর্বাহ্নে যোগদান করলাম।

অতএব, আমার যোগদানপত্র গ্রহণ করার জন্য মহোদয়কে সবিনয় অনুরোধ করছি।

আপনার অনুগত

তারিখঃ

(................................)
সহকারী রাজস্ব কর্মকর্তা
শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
মেধাক্রম-
রেজিঃ নং-